



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পুলিশ  
উপ-পুলিশ কমিশনার  
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-০২/১২/২০২০খ্রিঃ

### প্রেস রিলিজ

**রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ কর্তৃক অবৈধ ভাবে ভলভো কোম্পানীর নাম ব্যবহার পূর্বক প্লাস্টিকের সরঞ্জাম তৈরির কারখানায় অভিযান**



অদ্য ০২ ডিসেম্বর, ২০ তারিখে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ (ডিবি) টিম কর্তৃক অবৈধ ভাবে ভলভো কোম্পানীর নাম ব্যবহার পূর্বক প্লাস্টিকের সরঞ্জাম তৈরির কারখানায় অভিযান পরিচালনা করে নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে ভ্রাম্যমান আদালত মাধ্যমে ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হয়।

অদ্য ০২/১২/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ কাজী মুত্তাকী ইবনু মিনান মহোদয়ের নির্দেশনায় অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর নেতৃত্বে, সহকারী পুলিশ কমিশনার (ডিবি) জনাব মোঃ ফারুক আহমেদ, পুলিশ পরিদর্শক (ডিবি) এবিএম ফিরোজ ওয়াহিদ, এসআই(নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ)মোঃ গোলাম মোর্শেদ এএসআই (নিঃ) আলতাব হোসেন, এএসআই তৈবুর রহমান, কথ/আসলামসহ কোতয়ালী থানাধীন ৩০ নং ওয়ার্ডস্থ পূর্ব খাসবাগ জৈনিক কামাল হোসেনের ধান, চালের গোড়াউন এর ভিতরে (ভাড়া দেওয়া) অভিযান পরিচালনা করে অনুমোদনহীন প্লাস্টিক উৎপাদন, ভলভো কোম্পানির লোগো ব্যবহার পূর্বক ব্যাটারীর এসিড পানি ব্যবহারের সরঞ্জাম তৈরির কারখানায় অভিযান পরিচালনা করা হয়।

উক্ত কারখানায় অভিযান পরিচালনা করে অনুমোদনহীন প্লাস্টিক দ্রব্য উৎপাদন এবং ভলভো কোম্পানীর লোগো ব্যবহার পূর্বক ব্যাটারীর এসিড পানি ব্যবহারের জারকিন তৈরির মেশিন পত্র সহ বিপুল পরিমাণ প্লাস্টিকের জারকিন ও জারকিন তৈরির কাঁচামাল সামগ্রী জব্দ করা হয়। (যাহার অনুমান মূল্য ৩ লক্ষ ৫০ হাজার টাকা)

পরবর্তীতে নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব ফিরুজুল ইসলাম, রংপুর সিটি কর্পোরেশন, ভ্রাম্যমান আদালতের মাধ্যমে কারখানার মালিক মোঃ মজনু মিয়া (৪২), পিতাঃ মৃত আজিজার রহমান, সাং- সুন্দা হবি, থানাঃ কালীগঞ্জ, জেলাঃ লালমনিরহাট-কে ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে পনের দিন কারাদন্ডাদেশ প্রদান করেন এবং সমস্ত উৎপাদন বন্ধ করার আদেশ দেন।

উল্লেখ্য যে রংপুর মেট্রোপলিটন পুলিশের সকল ধরনের অবৈধ কার্যক্রম এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রনে আরপিএমপি গোয়েন্দা বিভাগ (ডিবি) টিমের অভিযান অব্যাহত থাকবে।

যে কোন অপরাধ দমনে তথ্য দিন বা যোগাযোগ করুন-  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ডিবি)- (০১৩২০-০৭৩৬৬১)।

০২.১২.২০২০  
(উত্তম প্রসাদ পাঠক)  
অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার  
(ডিবি এন্ড মিডিয়া)  
পক্ষে/পুলিশ কমিশনার  
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর  
মোবাইল-০১৩২০-০৭৩৬৬১